



বাংলাদেশ কৃষি ব্যাংক
 কেন্দ্রীয় হিসাব বিভাগ (শাখা-২)
 ৮৩-৮৫, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা।
dgmaccounts2@krishibank.org.bd
Phone: 02-223384701



নং-প্রকা/কেহিবি-২(ভগতঃ)।/২০২১-২০২২/১১৪২

তারিখ ৪ ১১-১০-২০২১

- ০১। উপ-মহাব্যবস্থাপক, সকল কর্পোরেট শাখা।
- ০২। সকল মুখ্য আধিগতিক/ আধিগতিক ব্যবস্থাপক।
- ০৩। সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আধিগতিক কার্যালয়/ আধিগতিক কার্যালয় এর মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয় ৪ ফেরতযোগ্য ভবিষ্য তহবিল অগ্রিমের কিসিত কর্তন নিশ্চিত করে বেতন-ভাতাদি প্রদান প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

শিরোনামে বর্ণিত বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

- ০২। বাংলাদেশ কৃষি ব্যাংক, কেন্দ্রীয় হিসাব বিভাগ (শাখা-২) হতে কর্মকর্তা/ কর্মচারীর আবেদন ও নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের সুপারিশের আলোকে বিধি মোতাবেক ফেরতযোগ্য ভবিষ্য তহবিল অগ্রিম মঞ্জুর এবং চাকুরীকাল বিবেচনায় কিসিতর সংখ্যা ও পরিমাণ নির্ধারণ করা হয়। ফেরতযোগ্য ভবিষ্য তহবিল অগ্রিম মঞ্জুরীপত্রে অগ্রিম উত্তোলনের মাস হতেই নিরবিচ্ছিন্নভাবে অগ্রিম পরিশোধ না হওয়া পর্যন্ত কিসিত কর্তন অব্যাহত থাকবে মর্মে এবং বেতন প্রদানকারী কর্তৃপক্ষকে সংশ্লিষ্ট ব্যক্তির বেতন থেকে কিসিত কর্তন করার নির্দেশনা প্রদান করা হয়।
- ০৩। সাম্প্রতিক সময়ে বেশ কিছু ফেরতযোগ্য ও অফেরতযোগ্য ভবিষ্য তহবিল অগ্রিম আবেদন পর্যালোচনা করে দেখা যায়, অনেক শাখা/ কার্যালয় ফেরতযোগ্য ভবিষ্য তহবিল অগ্রিমের কিসিত কর্তন ব্যতিরেকে বেতন-ভাতাদি প্রদান করেছেন এবং পুনরায় ফেরতযোগ্য ও অফেরতযোগ্য ভবিষ্য তহবিল অগ্রিম আবেদনে অগ্রিম মঞ্জুরীর সুপারিশ করেছেন, যা ভবিষ্য তহবিল বিধির পরিপন্থি।
- ০৪। এমতাবস্থায় সকল নিয়ন্ত্রণকারী/ বেতন-ভাতাদি প্রদানকারী কর্তৃপক্ষকে ফেরতযোগ্য ভবিষ্য তহবিল অগ্রিম উত্তোলনের মাস হতেই নিরবিচ্ছিন্নভাবে অগ্রিম পরিশোধ না হওয়া পর্যন্ত কিসিত কর্তন অব্যাহত এবং কিসিত কর্তন ব্যতিরেকে বেতন-ভাতাদি প্রদান না করার জন্য কঠোরভাবে নির্দেশনা প্রদান করা হলো।
- ০৫। নির্দেশনা পরিপালনের ব্যত্যয়ে এতদ্সংশ্লিষ্ট যে কোন জটিলতা সংশ্লিষ্ট বেতন-ভাতাদি প্রদানকারী শাখা ব্যবস্থাপক ও ২য় কর্মকর্তা এর উপর বর্তাবে।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বাস

(খন তামজিদ আহমেদ)

উপ-মহাব্যবস্থাপক

নং-প্রকা/কেহিবি-২(ভগতঃ)।/২০২১-২০২২/১১৪২

তারিখ ৪ ১১-১০-২০২১

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো ৪

- ১। চীফ ষ্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ২। ষ্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের দপ্তর-১/২/৩, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৩। সকল মহাব্যবস্থাপক মহোদয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ৪। সকল উপ-মহাব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা। প্রাচীট ব্যাংকের ওয়েবসাইটে আপলোড করার জন্য আইসিটি সিস্টেম্স, কার্ড ও মোবাইল ব্যাথকিং বিভাগকে অনুরোধ করা গেল।
- ৫। নথি/মহানথি।